রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২২ সনের ৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৩, ২০২২

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৯৭—১০৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০৫—১১১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০১—২৩৪ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৩ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**আদেশাবলি**

তারিখ : ০৬ পৌষ, ১৪২৮/২১ ডিসেম্বর ২০২১

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৭.২১-২৪৮**—যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম, উপসচিব (শৃঙ্খলা ও আপিল) [প্রাক্তণ: উপপরিচালক (উপসচিব), বাজেট, হিসাব ও সাধারণ সেবা, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা ], নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর বিরুদ্ধে সার্ভার হতে প্রাপ্ত উপাত্ত অনুযায়ী ০২ আগস্ট ২০১৮ হতে ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে ১৭৭টি এনআইডি সংশ্লিষ্ট তথ্য উপাত্ত পরিবর্তন করা, সার্ভার হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী তাঁর rislam Id হতে ০২ আগস্ট ২০১৮ হতে ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে ১৭৭টি আইডি সংক্রান্ত তথ্য পরিবর্তনের Approval দেওয়া, সার্ভার হতে প্রাপ্ত উপাত্ত অনুসারে তাঁর rislam account হতে ১৭৭টি NID আবেদন সংশ্লিষ্ট উপাত্ত ডিলিট স্টেটাস দেওয়া এবং তাঁর ব্যবহৃত ইউজার আইডি, পাসওয়ার্ড এবং ওটিপির জন্য ব্যবহৃত মোবাইলটি অসতর্কভাবে ব্যবহার করায় তাঁর কর্তব্যে অসাবধানতা, অবহেলা ও অদক্ষতা প্রকাশ পাওয়া সংক্রান্ত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৭/২০২১ রুজু করা হয়;

যেহেতু, ২১/১২/২০২১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিকালে তার মৌখিক বক্তব্য গ্রহণ করা হয়। তাঁর শুনানি গ্রহণকালীন তিনি Technically sound ছিলেন না মর্মে বক্তব্য পেশ করেন;

যেহেতু, তাঁর কোন অসৎ উদ্দেশ্য ছিলনা মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, Technical staff যারা এর সাথে involve ছিল তাদের সবাইকে চাকুরিচ্যুত করা হয়েছে এবং এর সাথে তিনি জড়িত নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগের সত্যতা প্রমাণিত হয়নি;

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

সেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম, উপসচিব (শৃঙ্খলা ও আপিল) [প্রাক্তনঃ উপপরিচালক (উপসচিব), বাজেট, হিসাব ও সাধারণ সেবা, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা], নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সার্বিক বিবেচনায় তাঁকে সতর্ক করে এ দায় হতে অব্যাহতি দেয়া হল। একই সাথে তাঁর বিরুদ্ধে রুজুকৃত উক্ত মামলাটি নিষ্পত্তি করা হল।

তারিখ : ০৮ পৌষ, ১৪২৮/২৩ ডিসেম্বর, ২০২১

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৭.২০-২৫৩**—যেহেতু, জনাব মোহাম্মদ আনিসুজ্জামান, উপজেলা নির্বাচন অফিসার (সাময়িক বরখাস্তকৃত), বেগমগঞ্জ, নোয়াখালী গত ০৪ জানুয়ারি ২০১৮ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তিনি উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী কর্মস্থলে কর্মরত থাকাকলীন যুক্তরাষ্ট্রে বসবাসরত তাঁর অসুস্থ স্ত্রীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে তাঁর দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ ২০ অক্টোবর ২০১৭ তারিখ হতে ১৮ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ০২ (দুই) মাস অথবা যে তারিখে যুক্তরাষ্ট্রে গমন করবেন সে তারিখ হতে ০২ (দুই) মাস বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করেন। অভিযুক্ত কর্মকর্তা গত ০৫/১১/২০১৭ তারিখ হতে ২ মাসের অর্জিত ছুটি ভোগ করতে ইচ্ছুক মর্মে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর আবেদনপত্র দাখিল করেন। গত ০৩/০১/২০১৮ তারিখে তাঁর মঞ্জুরকৃত ছুটির মেয়াদ শেষ হওয়ায় তিনি গত ১০/০২/২০১৮ তারিখে ই-মেইল বার্তায় উক্ত ছুটির মেয়াদ আরও ০৪ (চার) মাস বৃদ্ধির জন্য সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর আবেদন করেন। কিন্তু তিনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুসারে "অসদাচরণ" ও বিধি ৩(গ) অনুসারে "পলায়ন" এর অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা নং-০৩/২০২০ রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলার প্রেক্ষিতে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তাঁর কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে তিনি কোন জবাব প্রদান করেননি। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর বিপরীতে কোন জবাব না পাওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুসারে জনাব মোঃ সাবেদ উর রহমান, উপসচিব (সংস্থাপন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। কিন্তু তদন্তকারী কর্মকর্তার তদন্তে তিনি উপস্থিত হননি। এ প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সুস্পষ্টভাবে প্রমাণিত মর্মে তদন্তকারী কর্মকর্তা দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন।

যেহেতু, তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুসারে "অসদাচরণ" ও বিধি ৩(গ) অনুসারে "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে কেন উক্ত বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩(ঘ) অনুসারে চাকরি থেকে বরখাস্ত করা হবেনা তার কারণ দর্শানোর জন্য একাধিকবার তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তিনি কোন জবাব প্রদান না করায় তাঁকে চাকরি হতে বরখাস্তের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ দুটি পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হয়। কিন্তু তিনি কোন জবাব প্রদান করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দোষী সাব্যস্ত হওয়ায় তাঁকে ০৪ জানুয়ারি ২০১৮ তারিখ হতে গুরুদণ্ড হিসেবে চাকরি হতে বরখাস্ত দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিষয়ে The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নং প্রবিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হলে সরকারি কর্ম কমিশন ২৮ অক্টোবর ২০২১ তারিখের ৮০.০০.০০০০.১০৬.০৪.০০১.২১.১৭ নং স্মারকের পত্রে নির্বাচন কমিশন সচিবালয়ের "চাকরি হতে বরখাস্ত" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেন। বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশ মোতাবেক উক্ত কর্মকর্তাকে চাকরি হতে বরখাস্তের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে প্রেরিত প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন।

সেহেতু, জনাব মোহাম্মদ আনিসুজ্জামান, উপজেলা নির্বাচন অফিসার (সাময়িক বরখাস্তকৃত), বেগমগঞ্জ, নোয়াখালী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুসারে "অসদাচরণ" ও বিধি ৩(গ) অনুসারে "পলায়ন" এর অভিযোগে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩(ঘ) অনুসারে ০৪ জানুয়ারি ২০১৮ তারিখ হতে চাকরি হতে বরখাস্ত করা হল।

**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ : ১১ জানুয়ারি, ২০২২ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১৩/২০০২-০৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব রেজাউল করিম, জন্ম তারিখ: ১৮/০৩/১৯৯৩ খ্রিঃ, পিতা- মনজুরুল ইসলাম, মাতা-রাজিয়া বেগম, গ্রাম-মহেন্দ্রপুর, ওয়ার্ড নং-০৯, ডাকঘর-রতনদিয়া-৭৭২২, উপজেলা-কালুখালী, জেলা-রাজবাড়ী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজবাড়ী জেলার কালুখালী উপজেলার ০১ নং রতনদিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৭২/৮৪-০৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ যায়েদ ইকবাল, জন্ম তারিখ: ০১/০১/১৯৯৪ খ্রিঃ, পিতা-মোঃ আব্দুল খালেক, মাতা-রাহেনা বেগম, গ্রাম-রিকাবী, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-মনসাপুর-৫২৭০, উপজেলা-হাকিমপুর, জেলা-দিনাজপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলার ০৩ নং আলীহাট ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

## অর্থ মন্ত্রণালয়
## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
## প্রকল্প ব্যবস্থাপনা শাখা-১
### প্রজ্ঞাপন

তারিখ : ২৬ ডিসেম্বর ২০২১ খ্রি:

নং **৫৩.০০.০০০০.৪৩১.১৪.০২৮.২০২১-৭১৯**—পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সংঘ বিধির ৬(এ) এবং ৬(ই) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত ব্যক্তিগণ-কে উক্ত প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদে সরকারি সদস্য হিসেবে অদ্য ২৬ ডিসেম্বর ২০২১ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হ'ল :

| ক্রমিক | সদস্যগণের নাম | সাধারণ পর্ষদের পদবি |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ আবদুল হান্নান,<br>সাবেক সচিব এবং চেয়ারম্যান,<br>ভূমি আপীল বোর্ড, ভূমি মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| ০২. | জনাব আবুল কালাম আজাদ<br>সাবেক সদস্য (সচিব), পরিকল্পনা কমিশন<br>পরিকল্পনা মন্ত্রণালয়। | সদস্য |
| ০৩. | মিজ. উম্মুল হাছনা<br>সাবেক সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। | সদস্য |
| ০৪. | জনাব রেজাউল আহসান, সাবেক সচিব<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। | সদস্য |
| ০৫. | মিজ. মাহমুদা বেগম<br>সাবেক অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | সদস্য |
| ০৬. | জনাব সুধাংশু শেখর বিশ্বাস<br>সাবেক অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ<br>অর্থ মন্ত্রণালয়। | সদস্য |
| ০৭. | জনাব সনৎ কুমার সাহা<br>সাবেক অতিরিক্ত সচিব এবং চেয়ারম্যান<br>বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন। | সদস্য |
| ০৮. | কৃষিবিদ মোঃ আজহারুল ইসলাম<br>সাবেক সদস্য পরিচালক, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)। | সদস্য |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আমিন শরিফ**
সিনিয়র সহকারী সচিব।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## জননিরাপত্তা বিভাগ
## রাজনৈতিক অধিশাখা-৪
### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৬ পৌষ ১৪২৮/১০ জানুয়ারি ২০২২

নং **৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-১৬**—আগামী ১৬ জানুয়ারি ২০২২ তারিখ একাদশ জাতীয় সংসদের ১৩৬ টাঙ্গাইল-৭ নির্বাচনি এলাকায় শূন্য আসনে নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এ বিভাগের রাজনৈতিক অধিশাখা-৬ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৮(অংশ-১)-০৬, তাং ০২-০১-২০২২ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ নং-১৫ এর নির্দেশনা মোতাবেক বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্ত The Arms Act, 1878 (Act XI of 1878) এর ধারা ১৭(ক)(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত আদেশ জারী করল:

> "১৫ জানুয়ারি ২০২২ তারিখ ভোর ৬.০০টা হতে ১৮ জানুয়ারি ২০২২ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত যাতে অস্ত্রের লাইসেন্সধারীগণ কর্তৃক আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও আগ্নেয়াস্ত্রসহ চলাচল করার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।"

(২) যারা এ আদেশ লংঘন করবে তাদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

নং **৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-১৫**—আগামী ১৬ জানুয়ারি ২০২২ তারিখ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন-২০২২ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এ বিভাগের রাজনৈতিক অধিশাখা-৬ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৫-০৭, তাং ০৩-০১-২০২২ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ নং-১৮ এর নির্দেশনা মোতাবেক "বৈধ অস্ত্র বহন ও প্রদর্শন নিষিদ্ধকরণ" সংক্রান্ত The Arms Act, 1878 (Act XI of 1878) এর ধারা ১৭(ক)(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত আদেশ জারী করল:

> "সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ১৪ জানুয়ারি ২০২২ তারিখ ভোর ৬.০০টা হতে ১৮ জানুয়ারি ২০২২ তারিখ দিবাগত রাত ১২.০০টা পর্যন্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণ কর্তৃক আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও আগ্নেয়াস্ত্রসহ চলাচল নিষিদ্ধ থাকবে।"

(২) যারা এ আদেশ লংঘন করবে তাদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী**
উপসচিব।

---

## শৃঙ্খলা-২ শাখা
### প্রজ্ঞাপন

তারিখ : ২৬ পৌষ ১৪২৮ বঃ/১০ জানুয়ারি ২০২২ খ্রিঃ

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৬.২০২০-১৪**—যেহেতু, জনাব রাফে সামদান হুসাইন মোঃ আদেল (বিপি-৮৮১৮২২০৫৯৫), সহকারী পুলিশ সুপার, ১০ এপিবিএন, বরিশাল হিসেবে কর্মকালে এর বিরুদ্ধে জনৈক তানজিনা ফেরদৌস শ্রীলতাহানি এবং জোরপূর্বক শারীরিক সম্পর্কের কারণে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু হয়েছে;

০২। যেহেতু, তার এহেন কার্যকলাপ বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি এবং গুরুতর অসদাচরণের শামিল;

০৩। যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় তাকে জনস্বার্থে সরকারী চাকরি হতে সাময়িক বরখাস্ত করা সমীচীন;

০৪। সেহেতু, জনাব রাফে সামদান হুসাইন মোঃ আদেল (বিপি-৮৮১৮২২০৫৯৫), সহকারী পুলিশ সুপার, ১০ এপিবিএন, বরিশালকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) বিধি মোতাবেক চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০৫। সাময়িক বরখাস্তকালে পুলিশ অধিদপ্তরে সংযুক্ত থাকবেন এবং বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

০৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/৩০ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১৩.২০১৮-০৫**—যেহেতু, জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন মনি, শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার, পুলিশ অধিদপ্তর, ঢাকা গত ০৮/০৬/২০১৬ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি যথাযথ কর্তৃপক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই একাদিক্রমে ৫ (পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

০২। যেহেতু, তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও তিনি কোন জবাব প্রদান করেন নি;

০৩। যেহেতু, বি. এস. আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন মনি, শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার, পুলিশ অধিদপ্তর, ঢাকা এর চাকরি অবসানের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন; এবং

০৪। সেহেতু, জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন মনি, শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার, পুলিশ অধিদপ্তর, ঢাকা এর চাকরি বি. এস. আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ০৮/০৬/২০২১ খ্রিঃ তারিখ হতে অবসান করা হলো। তিনি অনুপস্থিতকালীন কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৯৪.০২.০৩৪.২০১৬-০৬**—যেহেতু, ডাঃ দিলরুবা আক্তার চৌধুরী, প্রাক্তন সহকারী সার্জন (মেডিক্যাল অফিসার), বিভাগীয় পুলিশ হাসপাতাল, সিলেট গত ০৯/০৩/২০১৪ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি যথাযথ কর্তৃপক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই একাদিক্রমে ৫ (পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

০২। যেহেতু, তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও তিনি কোন জবাব প্রদান করেন নি;

০৩। যেহেতু, বি. এস. আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ডাঃ দিলরুবা আক্তার চৌধুরী, প্রাক্তন সহকারী সার্জন (মেডিক্যাল অফিসার), বিভাগীয় পুলিশ হাসপাতাল, সিলেট এর চাকরি অবসানের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন; এবং

০৪। সেহেতু, ডাঃ দিলরুবা আক্তার চৌধুরী, প্রাক্তন সহকারী সার্জন (মেডিক্যাল অফিসার), বিভাগীয় পুলিশ হাসপাতাল, সিলেট এর চাকরি বি. এস. আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ০৯/০৩/২০১৯ খ্রিঃ তারিখ হতে অবসান করা হলো। তিনি অনুপস্থিতকালীন কোন বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৯৪.০২.০৩৩.২০১৬-০৭**—যেহেতু, ডাঃ মোহাম্মদ মাহবুবুর রহমান, প্রাক্তন সহকারী সার্জন (মেডিক্যাল অফিসার), বিভাগীয় পুলিশ হাসপাতাল, সিলেট গত ০৯/০৩/২০১৪ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি যথাযথ কর্তৃপক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই একাদিক্রমে ৫ (পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

০২। যেহেতু, তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও তিনি কোন জবাব প্রদান করেন নি;

০৩। যেহেতু, বি. এস. আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ডাঃ মোহাম্মদ মাহবুবুর রহমান, প্রাক্তন সহকারী সার্জন (মেডিক্যাল অফিসার), বিভাগীয় পুলিশ হাসপাতাল, সিলেট এর চাকরি অবসানের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন; এবং

০৪। সেহেতু, ডাঃ মোহাম্মদ মাহবুবুর রহমান, প্রাক্তন সহকারী সার্জন (মেডিক্যাল অফিসার), বিভাগীয় পুলিশ হাসপাতাল, সিলেট এর চাকরি বি. এস. আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ০৯/০৩/২০১৯ খ্রিঃ তারিখ হতে অবসান করা হলো। তিনি অনুপস্থিতকালীন কোন বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

---

**[ একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত ]**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ আশ্বিন ১৪২৮/২১ সেপ্টেম্বর ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৬.১৯-৭০৬**—নাটোর জেলার সদর থানার মামলা নং-৬৫, তারিখ: ২৯/০৮/২০১৬ খ্রিঃ এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব।

---

**সুরক্ষা সেবা বিভাগ**
**মাদক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ পৌষ ১৪২৮/০৫ জানুয়ারি ২০২২

নং **৫৮.০০.০০০০.০৬১.৩৭.০০২.২১.২**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ৬২(১)(খ) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব) এর (Forensic Laboratory) রাসায়নিক পরীক্ষাগারকে মাদকদ্রব্য বা মাদকদ্রব্যের উপাদান টেস্টের জন্য রাসায়নিক পরীক্ষাগার হিসেবে ঘোষণা করা হইল।

০২। এই আইনের অধীন পরিচালিত কার্যক্রমের কোন পর্যায়ে কোন বস্তুর রাসায়নিক পরীক্ষার প্রয়োজন অনুভূত হইলে উক্ত বস্তুটি এই রাসায়নিক পরীক্ষাগার বা সরকার নির্ধারিত অন্য রাসায়নিক পরীক্ষাগারে প্রেরণ করিতে হইবে।

০৩। এতদুদ্দেশ্যে রাসায়নিক পরীক্ষকের স্বাক্ষরযুক্ত রাসায়নিক পরীক্ষার প্রতিবেদন মামলা দায়ের, মাদকদ্রব্য অপরাধের তদন্ত,

অনুসন্ধান, বিচার অথবা অন্য কোন প্রকার কার্যধারায় সাক্ষ্য হিসাবে ব্যবহার করা যাইবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুর রউফ মিয়া**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

## জননিরাপত্তা বিভাগ
## আইন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৮ পৌষ ১৪২৮/০২ জানুয়ারি ২০২২

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৯-২১**—নোয়াখালী জেলার (০১) হাতিয়া থানার মামলা নং-০৮, তারিখ: ১৪/১০/২০২১ খ্রিঃ, (০২) হাতিয়া থানার মামলা নং-০৯, তারিখ: ১৪/১০/২০২১ খ্রিঃ, (০৩) হাতিয়া থানার মামলা নং-১০, তারিখ: ১৪/১০/২০২১ খ্রিঃ, (০৪) হাতিয়া থানার মামলা নং-১১, তারিখ: ১৪/১০/২০২১ খ্রিঃ, (০৫) হাতিয়া থানার মামলা নং-১২, তারিখ: ১৬/১০/২০২১ খ্রিঃ, (০৬) হাতিয়া থানার মামলা নং-১৩, তারিখ: ১৬/১০/২০২১ খ্রিঃ, (০৭) হাতিয়া থানার মামলা নং-১৪, তারিখ: ১৭/১০/২০২১ খ্রিঃ, (০৮) হাতিয়া থানার মামলা নং-১৫, তারিখ: ১৭/১০/২০২১ খ্রিঃ, (০৯) হাতিয়া থানার মামলা নং-১৬, তারিখ: ১৯/১০/২০২১ খ্রিঃ, এবং (১০) হাতিয়া থানার মামলা নং-১৭, তারিখ: ১৯/১০/২০২১ খ্রিঃ, মামলাসমূহ আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

---

## সুরক্ষা সেবা বিভাগ
## শৃঙ্খলা-০১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৪ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/২৯ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০৪.২০/২২৬**—যেহেতু, আপনি জনাব মোঃ বজলুর রশীদ, কারা উপ মহাপরিদর্শক (সাময়িক বরখাস্তকৃত), কারা অধিদপ্তর, ঢাকা ২৭/১০/২০১৬ খ্রিঃ তারিখ হতে ২০/১০/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন;

যেহেতু, আপনি জনাব মোঃ বজলুর রশীদ, কারা উপ মহাপরিদর্শক হিসেবে কারা অধিদপ্তর, ঢাকায় কর্মকালে (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত শ্রেণিপ্রাপ্ত হাজতি বন্দি নং-৪৭৩২০/১৯, ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ) ০৬/১০/২০১৯ খ্রিঃ তারিখ 'দৈনিক যুগান্তর' পত্রিকার প্রথম পাতায় 'বেপরোয়া ডিআইজি প্রিজন্সের ঘুষ-কান্ড, স্ত্রী কুরিয়ার সার্ভিসে নেন কোটি টাকা' শীর্ষক প্রকাশিত খবরের সাথে একটি ভিডিও ক্লিপের কিউআর কোডও প্রকাশ করা হয়েছে;

যেহেতু, আপনার স্ত্রী মিসেস রাজ্জাকুন নাহার এর নামে মিথ্যা ও ভুল তথ্য দ্বারা নিবন্ধিত ০১৮৫৬৫৫৭৩৫৮ নং মোবাইল ফোনের সিম ব্যবহার করে বিভিন্ন সময়ে এসএ পরিবহনের মাধ্যমে দুলাল, বিথি এবং তৌহিদ হোসেন এর নামে ৩০টি রশিদের মাধ্যমে মোট ৯৮,০০,৩৫০/- (আটানব্বই লক্ষ তিনশত পঞ্চাশ) টাকা প্রেরণ করা হয়েছে;

যেহেতু, জেল সুপার এর বিপদ ভেবে আপনি রাত ১০টার দিকে হোটেল সোনারগাঁওয়ে যান এবং সেখানে সাংবাদিক নেছারুল হক খোকন আপনার কাছে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা দাবি করলেও এ বিষয়ে আপনি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেননি। এতে প্রমাণিত হয় যে প্রকাশিত সংবাদে বর্ণিত ঘটনার সাথে আপনি সরাসরি জড়িত;

যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' বিধায় বিভাগীয় মামলা ০৬/২০২০ রুজু করা হয় এবং ০২/০৩/২০২০ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৪.২০.৩৬ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণ করা হয়। আপনি জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ১০/০১/২০২১ খ্রিঃ তারিখে শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, কৈফিয়তের জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭ (২) (ঘ) এর বিধিমতে তদন্তের জন্য জনাব মোঃ খায়রুল আলম সেখ, অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং জনাব মোহাম্মদ আবু সাঈদ মোল্লা, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ এর সমন্বয়ে একটি তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ড গত ২৯/০৬/২০২১ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮, এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্রাদি, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগটি প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি অনুযায়ী 'চাকুরী থেকে বরখাস্তকরণ' এর বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে ০৬/১০/২০২১ খ্রিঃ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, গত ১৮/১০/২০২১ খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় গুরুদণ্ড আরোপের পূর্ব সিদ্ধান্ত বহাল রেখে একই বিধিমালার ৭ (১০) বিধি মোতাবেক গত ০১/১১/২০২১ খ্রিঃ তারিখে তাকে সরকারি 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়কে অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ বজলুর রশীদ-কে 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের পরামর্শ প্রদান করেছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগটি প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক জনাব মোঃ বজলুর রশীদ, কারা উপ মহাপরিদর্শক (সাময়িক বরখাস্তকৃত), কারা অধিদপ্তর, ঢাকা-কে সরকারি 'চাকুরী হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৬ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১৪.২১.২১৬**—যেহেতু, জনাব মোঃ বজলুর রশিদ আখন্দ, জেল সুপার, গাজীপুর জেলা কারাগার গত ২৪/০৯/২০২০ খ্রিঃ তারিখ হতে গাজীপুর জেলা কারাগার-এ কর্মরত আছেন;

যেহেতু, তিনি সিভিল সার্জন এর কার্যালয়ে একটি মিটিং এ অংশ গ্রহণের জন্য দুপুর ১.৩০ মিনিটের দিকে নিজ কার্যালয় থেকে বের হয়েছিলেন মর্মে বক্তব্য প্রদান করেছেন কিন্তু মিটিং এ অংশগ্রহণ করেন নি এবং তিনি কারাগার প্রাঙ্গনেও অনুপস্থিত ছিলেন। গত ১৯/১১/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১.৫৭ মিনিটে হাজতি বন্দি নং ৯৭৫০/২০২০ মোঃ রেজাউল শেখ (২৩) এর পলায়নের ঘটনাটি সংঘটিত হলেও তিনি বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটকে বিষয়টি অবহিত করেননি;

যেহেতু, এহেন আচরণ এর জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁকে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নং-০৪/২০২১ রুজুপূর্বক এ বিভাগের

০৭/১১/২০২১ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১৪.২১.১৭১ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রদান করা হলে ২১/১১/২০২১ খ্রিঃ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন;

যেহেতু, গত ১৫/১২/২০২১ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযোগ বিবরণী, অভিযোগনামা, দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানি ইত্যাদি পর্যালোচনায় গুরুত্ব বিবেচনায় 'লঘুদণ্ড' আরোপ যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ বজলুর রশিদ আখন্দ, জেল সুপার এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২) এর (খ) বিধি মোতাবেক পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/২৩ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১৫.২১.২২৪**—যেহেতু, আপনি জনাব মোঃ শফিকুল ইসলাম খান, সিনিয়র জেল সুপার (চলতি দায়িত্ব), চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার গত ০৭/১১/২০২০ খ্রিঃ তারিখ হতে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার এ কর্মরত আছেন;

যেহেতু, আপনার কর্মকালে গত ০৬/০৩/২০২১ খ্রিঃ তারিখ ভোরে হাজতী বন্দি নং ২৫৪৭/২০২১ মোঃ ফরহাদ হোসেন রুবেল (২০) কারাগার হতে পলায়ন করতে সক্ষম হয়;

যেহেতু, আপনি কারা বিধির ৭১, ৭২ (১), ৭৩, ৭৮, ৮২ ধারার বিধান মতে জেলার কর্তৃক সম্পাদিত কাজ তদারকী এবং অধস্তনদের দায়িত্ব-কর্তব্য তদারকী ও বন্দি নিরাপত্তা রক্ষার ক্ষেত্রে নিজ দায়িত্বের প্রতি উদাসীনতার পরিচয় দিয়েছেন;

যেহেতু, আপনি সংশ্লিষ্ট বন্দি লাফিয়ে পালিয়ে গেছেন তা' নিশ্চিত হওয়া সত্বেও সংশ্লিষ্ট বন্দি নিখোঁজ রয়েছে মর্মে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট লিখিত প্রতিবেদন প্রেরণ করে প্রতারণা করেছেন;

যেহেতু, এহেন আচরণ এর জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁকে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নং-০৮/২০২১ রুজুপূর্বক এ বিভাগের ১৪/১১/২০২১ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৭৬.২৭.০১৫.২১.১৭৬ সংখ্যক স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রদান করা হলে ০১/১২/২০২১ খ্রিঃ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন;

যেহেতু, গত ২০/১২/২০২১ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযোগ বিবরণী, অভিযোগনামা, দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানি ইত্যাদি পর্যালোচনায় গুরুত্ব বিবেচনায় 'লঘুদণ্ড' আরোপ যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম খান, সিনিয়র জেল সুপার (চলতি দায়িত্ব), চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২) (ক) অনুযায়ী 'তিরস্কার' দণ্ড প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোকাব্বির হোসেন**
সচিব।

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/২৩ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০১.২০২১/১২৬**—যেহেতু, জনাব মুনতাকীম মোঃ ইব্রাহীম, সহকারী পরিচালক (বর্তমান কর্মস্থল : রাঙ্গামাটি), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আঞ্চলিক পাসপোর্ট অফিস, কুষ্টিয়াতে ০৩/১০/২০১৯ হতে ২৫/০৪/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন;

যেহেতু, তিনি আঞ্চলিক পাসপোর্ট অফিস, কুষ্টিয়াতে কর্মরত সময়ে পাসপোর্ট ইস্যু সংক্রান্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা অমান্য করেছেন ও এখতিয়ার এলাকা বহির্ভূত আবেদন গ্রহণ করেছেন এবং তিনি EG 0861368 নং পাসপোর্ট ইস্যুর পূর্বে REGULAR হিসেবে আবেদন এনরোলমেন্ট করে DCM সংশোধন করে জরুরী হিসেবে অনুমোদন প্রদান করেছেন;

যেহেতু, আপনি EG 0861368 নং পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে যথাযথভাবে পেমেন্ট ভেরিফিকেশন ও রোহিঙ্গা ডাটাবেজ যাচাই না করে APPROVAL এবং ঐদিন পার্সোনালাইজেশন সেন্টার থেকে প্রিন্ট করেছেন;

যেহেতু, আপনি অফিস প্রধান হিসেবে আপনার অধীনস্ত কর্মচারী কর্তৃক সংগঠিত অব্যাহত অনিয়ম তদারকিতে ব্যর্থতার পরিচয় দিয়েছেন;

যেহেতু, এহেন আচরণ এর জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ অনুযায়ী আপনাকে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নং ০৮/২০২১/পাসপোর্ট রুজুপূর্বক এ বিভাগের ১৫/০২/২০২১ তারিখের ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০১.২১.১১ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রদান করা হলে ১১/০৩/২০২১ খ্রিঃ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৮/০৬/২০২১ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, কৈফিয়তের জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ (২) (ঘ) বিধিমতে তদন্তের জন্য জনাব নাসরিন জাহান, যুগ্মসচিব, সুরক্ষা সেবা বিভাগকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ১৪/১০/২০২১ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮, এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, গত ১৫/১১/২০২১ খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং তিনি গত ০৭/১২/২০২১ খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন;

যেহেতু, অভিযোগ বিবরণী, অভিযোগনামা, দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানি, অভিযুক্তের বক্তব্য ও তাঁর চাকরিকাল ইত্যাদি পর্যালোচনায় গুরুত্ব বিবেচনায় 'লঘুদণ্ড' আরোপ যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মুনতাকীম মোঃ ইব্রাহীম, সহকারী পরিচালক এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (ঘ) বিধি অনুযায়ী 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' করা হলো। জনাব মুনতাকীম মোঃ ইব্রাহীম এর বর্তমান বেতন স্কেল ৯ম গ্রেড (২২,০০০-৫৩,০৬০/-) এবং মূল বেতন ৩২,৫৪০। অবনমিত ধাপে বর্তমান স্কেলে তাঁর মূল বেতন হবে ২২,০০০/- টাকা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোকাব্বির হোসেন**
সচিব।

**জননিরাপত্তা বিভাগ**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪২৮/১৩ ডিসেম্বর ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-১১৩৭**—নরসিংদী জেলার মাধবদী থানার মামলা নং-১৭, তারিখ : ১৯/১০/২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-১১৩৮**—কিশোরগঞ্জ জেলার মিঠামইন থানার মামলা নং-০২, তারিখ : ০৯/০৪/২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(অ)(আ)(ই)(ঈ)/১০/১১/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-১১৩৯**—ভোলা জেলার সদর মডেল থানার মামলা নং-৩২, তারিখ : ১৮/০৯/২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(৩)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-১১৪০**—নওগাঁ জেলার সদর মডেল থানার মামলা নং-২৬, তারিখ : ১৩/১০/২০১৯ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)(উ)/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলার সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-১১৪১**—গাজীপুর জেলার জয়দেবপুর থানার মামলা নং-১২, তারিখ : ১০/১২/২০১৯ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-১১৪২**—চট্টগ্রাম (সিএমপি) বন্দর থানার মামলা নং-১২, তারিখ : ১০/০৭/২০১৯ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬/৮/৯/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-১১৪৩**—দিনাজপুর জেলার কোতোয়ালী থানার মামলা নং-৪২, তারিখ : ১৮/০৭/২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/৭(৩)৮/৯(৩)/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

---

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪২৮/১৪ ডিসেম্বর ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৭.২৭.০০৫.২০-১৫০**—জনাব মোহাম্মদ মহিউল ইসলাম, (বিপি-৭৯০৬১১৯৭৮২) কমান্ড্যান্ট (পুলিশ সুপার), ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, বরিশাল-এর বিরুদ্ধে অতিরিক্ত পুলিশ সুপার, রেলওয়ে পুলিশ, ঢাকা হিসেবে কর্মকালে অধীনস্ত ফোর্সদের নিয়ন্ত্রণে রাখতে না পারা, কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক নিরাপত্তা ডিউটিতে ফোর্স মোতায়েন না করা, তাগিদ দেয়া সত্ত্বেও ফোর্সদের মেস পরিদর্শন না করা, নিয়ম অমান্য করে ফোর্সকে নিজ জেলায় বদলি করা, শিশু ধর্ষণ সংক্রান্ত ঘটনায় থানায় উপস্থিত না থাকা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করার অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় গত ০৬/০৯/২০২০ খ্রিঃ তারিখের ২৬ নং স্মারকমূলে তাকে কারণ দর্শাতে বলা হয়। তিনি গত ৩০/০৯/২০২০ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন জানান। তদপ্রেক্ষিতে গত ১২/০১/২০২১ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

০২। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় বিভাগীয় মামলাটিতে তদন্ত পরিচালিত হওয়া সমীচীন মর্মে প্রতীয়মান হওয়ায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব জিহাদুল কবির, বিপিএম-সেবা পিপিএম (বিপি-৭৫০১০০৮২৪৩), অতিরিক্ত ডিআইজি, ঢাকাকে গত ০৮/০৩/২০২১ খ্রিঃ তারিখ উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা

নিয়োগ করা হয়। তিনি তদন্ত শেষে গত ২৯/০৬/২০২১ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত তদন্ত প্রতিবেদনে অফিসার ও ফোর্সের কল্যাণের নিমিত্তে মেসের রান্নাঘরে পানির সংযোগের ব্যবস্থা না করা, উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্যকারী অধস্তনদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা না নেয়া এবং নিজ জেলাধীন রেলওয়ে থানায় পুলিশ সদস্যদের বদলি করার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে।

০৩। জনাব মোহাম্মদ মহিউল ইসলাম, (বিপি-৭৯০৬১১৯৭৮২) কমান্ড্যান্ট (পুলিশ সুপার), ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, বরিশাল-এর বিরুদ্ধে আনীত অভিযোগে তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অপরাধের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে একই বিধিমালার ৪-এর (২)(ক) অনুযায়ী "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো। একইসাথে ভবিষ্যতে সরকারি কাজে তাকে আরও সতর্কতার সাথে দায়িত্বপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ: ১০ আগস্ট ২০২০ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৯৩/৮১(অংশ)-১১৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোহাম্মদ ইব্রাহিম, জন্ম তারিখ: ২৯-০১-১৯৯৬ খ্রিঃ, পিতা-নুরুল আমিন, মাতা-রৌশন আরা, গ্রাম-শিবপুর, ডাকঘর-সওদাগর বাজার, উপজেলা-ফেনী সদর, জেলা-ফেনী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফেনী জেলার সদর উপজেলার ১২নং ফাজিলপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি মাধ্যমিক-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/২০ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৯২.১৫.০১৬.২০.১০৭**—নরসিংদী জেলার শিবপুর উপজেলাধীন 'শিবপুর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়'টি ২০ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ/০৬ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ তারিখ হতে সরকারিকরণ করা হলো।

০২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোনো শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবদুল হাই,** পিএএ
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/০৩ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ২৫.০৩০.০১৪.০৩.০০.০১৩.২০১৪(অংশ-১)/৫২**—২০১৮ সনের ৩ নং আইন অনুসারে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ বলিয়া উল্লিখিত, এর অধিক্ষেত্রভুক্ত এলাকার জন্য নতুন মহাপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন ও সমীচীন;

যেহেতু রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১৮ এর ধারা ১২(১) এর শর্তাবলী পূরণ করিয়া রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অধিক্ষেত্রভুক্ত এলাকার জন্য খসড়া মহাপরিকল্পনা প্রণয়ন করিয়া সরকারের নিকট ০৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে দাখিল করিয়াছে;

সেহেতু, সরকার উক্ত ধারার উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে নতুন প্রস্তাবিত খসড়া মহাপরিকল্পনা প্রণয়ন করিয়া এতদ্বারা প্রাক্-প্রকাশ করিল। প্রণীত খসড়া মহাপরিকল্পনার বিষয়ে জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে আগামী ১০-০৩-২০২২ তারিখ হইতে ২৪-০৪-২০২২ তারিখ পর্যন্ত গণশুনানী কার্যক্রম চলমান থাকিবে। এতদসংক্রান্ত জিআইএস বেইস ম্যাপ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.rda.rajshahidiv.gov.bd) সংরক্ষিত থাকিবে। এছাড়া গণশুনানী চলাকালীন রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অডিটোরিয়ামে ম্যাপ প্রদর্শনের জন্য সংরক্ষিত থাকিবে।

প্রস্তাবিত খসড়া মহাপরিকল্পনা বা উহার কোনো অংশবিশেষ এর উপর কোনো ক্ষতিগ্রস্ত অথবা অন্য কোনো ব্যক্তির আপত্তি/ পরামর্শ থাকিলে তাহাকে অত্র প্রজ্ঞাপন ও নির্ধারিত ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে প্রকল্প পরিচালক, "কার্যকরী মহাপরিকল্পনা ও বিস্তারিত এলাকা পরিকল্পনা হালনাগাদ করার মাধ্যমে রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যানকে দুর্যোগ ঝুঁকি সংবেদনশীল করণ" শীর্ষক প্রকল্প, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী-৬২০৩ বরাবর অথবা ই-মেইলে : pd.radamasterplan @gmail.com এ তাহার আপত্তি বা সুপারিশ দাখিল করার জন্য অনুরোধ করা যাইতেছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তারিক হাসান**
সিনিয়র সহকারী সচিব।